



বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ

প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩

মিরপুর, ঢাকা-১২১৬।

ফোনঃ ০২-৪৮০৩২০৪৪, ০২-৫৮০৫০৪৮৭

Email: gmisc@krishibank.org.bd;

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(৩০)/২০২৩-২০২৪/১০৩৮

তারিখঃ ০৭/০৩/২০২৪ ইং

মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়ের সকল মহাবিভাগ, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়।

উপমহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়ের সকল বিভাগ ও সকল কর্পোরেট শাখা।

বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।

মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়।

আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়।

সকল শাখা ব্যবস্থাপক।

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন ও প্রশিক্ষণ চাহিদা নিরূপন প্রসঙ্গে।

মহোদয়,


বিকেবি স্টাফ কলেজের ২০২৪-২০২৫ অর্থ বছরের জন্য বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচীর খসড়া প্রণয়নের কাজ প্রক্রিয়াধীন। বাস্তবভিত্তিক প্রশিক্ষণ চাহিদা নিরূপন ও সমন্বয়যোগী প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়ন প্রশিক্ষণ কার্যকর করার পূর্বশর্ত। প্রশিক্ষণ চাহিদা নিরূপন ও খসড়া প্রশিক্ষণ কর্মসূচী প্রণয়নের লক্ষ্যে বর্ণিত বিষয়গুলোর উপর আপনাদের সুচিন্তিত মতামত ও মূল্যবান পরামর্শ আবশ্যিকঃ

- ২০২৩-২০২৪ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স/কর্মশালার অন্তর্ভুক্ত বিষয়ের বাইরে কোন্ কোন্ বিষয়ের উপর আগামী অর্থবছরে প্রশিক্ষণ দেয়া প্রয়োজন (প্রশিক্ষণের যৌক্তিকতা, সময়কাল এবং সংক্ষিপ্ত বিষয়বস্তুসহ)।
- ২০২৩-২০২৪ অর্থবছরের প্রশিক্ষণ কোর্স/ কর্মশালা সমূহে অন্তর্ভুক্ত কোন্ কোন্ কোর্স/ কর্মশালা কম গুরুত্বপূর্ণ যা ২০২৪-২০২৫ অর্থবছরের প্রশিক্ষণ কর্মসূচী থেকে বাদ দেয়া যেতে পারে।
- আপনাদের সুপারিশকৃত/ প্রস্তাবিত কোন্ কোর্স/ কর্মশালাটি কোন্ স্তরের কর্মকর্তাগণের জন্য প্রযোজ্য।
- বিভাগীয়, মুখ্য আঞ্চলিক এবং আঞ্চলিক পর্যায়ে মাঠ কর্মকর্তা/ পরিদর্শকদের জন্য যে সব বিষয়ের উপর মাঠ পর্যায়ের প্রশিক্ষণ-কর্মশালা চালু করা প্রয়োজন সে বিষয়ে আপনাদের সুচিন্তিত মতামত বিশেষভাবে প্রয়োজন।
- ব্যাংকিং ও অর্থ ব্যবস্থাপনার সাথে সম্পর্কযুক্ত কোন বিষয়ের উপর সেমিনার করা প্রয়োজন হলে সে বিষয়ে আপনাদের সুচিন্তিত মতামত আবশ্যিক।

০২। উপরোক্ত বিষয় ব্যতীত প্রশিক্ষণের মান উন্নয়নের জন্য আপনার/আপনাদের অন্য কোন পরামর্শ বা সুপারিশ থাকলে তা আগামী ২১/০৪/২০২৪ ইং তারিখের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বিকেবি স্টাফ কলেজ বরাবর প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২০২৩-২৪ অর্থ বছরে বিকেবি স্টাফ কলেজের বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচী।

আপনার বিশ্বস্ত


(মোহাম্মদ সাইফুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

তারিখঃ ০৭/০৩/২০২৪ ইং

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(৩০)/২০২৩-২০২৪/১০৩৮


সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো)।

৪। নথি/মহানথি।


(মোহাম্মদ মোসাত্তার হোসেন)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা(সমবায়)